

বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রার বিপরীতে ২য় ত্রৈমাসিক এবং অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদনে কম/বেশী অর্জনের বিষয়ে
প্রাণিসম্পদ অধিদপ্তরের ব্যাখ্যাঃ

ক্রঃ নং	কার্যক্রমের নাম	কম/বেশী লক্ষ্যমাত্রা অর্জনের ব্যাখ্যা
১	১.৬ সরকারি খামারে ছাগলের বাচ্চার উৎপাদন	বছরের ঋতুর তারতম্যের কারণে উক্ত কার্যক্রমের কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হয়নি। তবে ভবিষ্যতে এ কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হবে।
২	১.৮ পশু খাদ্য নমুনা পরীক্ষাকরণ	সাধারণত সরকারি খামারগুলোতে টেন্ডারের মাধ্যমে খাদ্য ক্রয় করার ক্ষেত্রে নমুনা পরীক্ষা করা হয়ে থাকে। তাই অর্ধবছরের শুরুতেই সরকারি খামারগুলোতে টেন্ডার কার্যক্রম শুরু না হওয়ায় নমুনা পরীক্ষা কম হয়েছে। ফলে কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হয়নি। এছাড়া শীতকালে পশু খাদ্যে আদ্রতা কম থাকে বলে খাদ্য নষ্ট কম হয় যার কারণে নমুনা পরীক্ষাও কম হয়ে থাকে।
৩	২.১ টিকা উৎপাদন	বছরের শুরুতে বাজেট পেতে বিলম্ব হওয়ায় টিকা উৎপাদনের জন্য Raw Materials ক্রয় করতে টেন্ডার আহবানে দেরী হয়েছে। এছাড়া পিএসও গণের আয়ন-ব্যয়ন ক্ষমতা না থাকায় টিকা উৎপাদনে লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হয়নি। তবে ভবিষ্যতে কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হবে।
৪	২.২ টিকা প্রদান সম্প্রসারণ	অর্থ বছরের শুরুতে পর্যাপ্ত টিকার সরবরাহ না থাকায় উক্ত কার্যক্রমে কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হয়নি।
৫	৩.১ খামারি প্রশিক্ষণ প্রদান	খামারী প্রশিক্ষণ মূলত: বিভিন্ন উন্নয়ন প্রকল্পের মাধ্যমে করা হয়ে থাকে। তাই প্রকল্প খাতে আর্থিক বরাদ্দ কম থাকায় নির্ধারিত সময়ে উক্ত কার্যক্রমে কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হয়নি।
৬	৩.২ কসাইদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান	সারাদেশে বিভিন্ন জবাইখানায় চামড়া এবং মাংসের গুণগত মান বজায় রাখা, স্বাস্থ্য সম্মত উপায়ে মাংস সংগ্রহ ও সংরক্ষণ এবং জবাইখানার পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা ইত্যাদি বিষয়ে কসাইদের ব্যাপক প্রশিক্ষণের ব্যবস্থা করায় উক্ত কার্যক্রমের লক্ষ্যমাত্রা অত্যাধিক বেশী হয়েছে।
৭	৪.২ পোল্ট্রি খামার রেজিস্ট্রেশন ও নবায়ন	ইতিপূর্বে শুধুমাত্র খামার রেজিস্ট্রেশনের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল তবে এ বছর খামার রেজিস্ট্রেশনের পাশাপাশি নবায়ন বিষয়টি যোগ করায় লক্ষ্যমাত্রা অর্জন বেশি হয়েছে।
৮	৪.৩ গবাদিপশুর খামার রেজিস্ট্রেশন ও নবায়ন	ইতিপূর্বে শুধুমাত্র খামার রেজিস্ট্রেশনের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল তবে এ বছর খামার রেজিস্ট্রেশনের পাশাপাশি নবায়ন বিষয়টি যোগ করায় লক্ষ্যমাত্রা অর্জন বেশি হয়েছে।
৯	৪.৪ ফিডমিল এবং অন্যান্য প্রতিষ্ঠান রেজিস্ট্রেশন ও নবায়ন	ইতিপূর্বে শুধুমাত্র ফিডমিল এবং অন্যান্য প্রতিষ্ঠান রেজিস্ট্রেশনের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল তবে এ বছর ফিডমিল এবং অন্যান্য প্রতিষ্ঠান রেজিস্ট্রেশনের পাশাপাশি নবায়ন বিষয়টি যোগ করায় লক্ষ্যমাত্রা অর্জন বেশি হয়েছে।
১০	৪.৫ প্রাণিসম্পদ বিষয়ক বিভিন্ন আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনা করা	মোবাইল কোর্ট পরিচালনায় পর্যাপ্ত বাজেট বরাদ্দ না থাকায় উক্ত কার্যক্রমটির লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হয়নি।
১১	৫.২ কেনডিডেট বুল তৈরী	ব্রীড আপগ্রেডেশন থু প্রজেনী টেষ্ট প্রকল্পের একটি কার্যক্রম হলো কেনডিডেট বুল তৈরী করা। তাই রাজস্ব কার্যক্রমের পাশাপাশি উক্ত প্রকল্পের কার্যক্রমের কারণে নির্ধারিত লক্ষ্যমাত্রার চেয়ে অর্জন বেশী হয়েছে।